শব্দালঙ্কার / বক্রোক্তি ১ ✓

বক্রোক্তি শব্দটার মানে বাঁকা কথা। বাঁকা কথা হল কথা বলার এমন এক ভঙ্গি যেখানে কথাটার আক্ষরিক অর্থ এবং বলার উদ্দেশ্যটা একেবারে উল্টো। আবার এমনও হতে পারে, যে একটা শব্দের একাধিক অর্থ থাকায় কথাটা যে বলল, আর যে শুনল — তারা দুজনে দুটো ভিন্ন অর্থ ধরে নিল।

কথাটা বুঝিয়ে বলি, ধরো, ক্লাসে তোমার অমনোযোগ দেখে মাস্টারমশাই তোমাকে বললেন — 'পড়াশোনাটা তাহলে বেশ ভালোই করছ!' কথাটার আক্ষরিক অর্থ তো বেশ প্রশংসারই, তাই না? কিন্তু মাস্টারমশাই তো আসলে তোমাকে ভর্ৎসনা করলেন। এই যে কথা বলার ভঙ্গিতে উল্টো একটা অর্থ প্রকাশ পেল, অর্থাৎ মোটেই পড়াশোনা করছ না — এটাই বাঁকা কথা বা বক্রোক্তি।

আবার বক্রোক্তির আর একটা দিক হল কোনো শব্দের দুটো অর্থ থাকার সমস্যা। ধরো, কোনো নিমন্ত্রণ বাড়িতে এক ভদ্রলোককে চেনাচেনা লাগায় তুমি তো পরিবেশন করতে করতে বললে — 'আপনাকে কি চিনি?' শুনে তিনি অম্লানবদনে বললেন 'আজ্ঞে না, আমাকে একটা সন্দেশ দিতে পারেন।'

ব্যাপারটা হল — 'চিনি' শব্দের একটা অর্থ পরিচিত ব্যক্তি, অন্য অর্থ শর্করা। তুমি প্রশ্ন করেছিলে প্রথম অর্থে। শ্রোতা উত্তর দিয়েছে দ্বিতীয় অর্থে। এটাও কিন্তু বক্রোক্তি।